

## বিভক্তির সাত কাহন-২

### ভজন সরকার

একটি প্রবাদ আছে , যে সব হিন্দু দেশ ত্যাগ করে ভারতে যায় , প্রত্যেকেরই বাংলাদেশে জমিদারী থাকে - আর সে জমিদারী দখল করে নেয় মুসলিমরা । তেমনি যারাই প্রবাসী হয়েছেন প্রত্যেকেই দেশে রাজা-বাদশা কিংবা নিতান্ত পক্ষে উজির-নাজির থাকেন । আর প্রবাসী হবার পেছনে প্রত্যেকেরই জুত-সই একটি নিজস্ব-যুক্তি থাকে । আর ধর্মীয় সংখ্যালঘু হলে তো কোন কথাই নেই -কোন মতে প্রাণটা হাতে নিয়ে বিমানে উঠেছেন এই যা !

কানাডাতে আগে থেকেই একটি মিথ্যার বেসাতি প্রচলিত আছে - তা হলো রিফ্যুউজি থেকে বৈধ ইমিগ্র্যান্ট হবার উপায় । যে কোন উপায়ে কানাডাতে প্রবেশাধিকার পেলেই হলো । কাগজ পত্র বানানো কোন ব্যাপার নয় - হিন্দু হলে সংখ্যালঘু নির্যাতনের পেপার-কাটিং কিংবা মন্দির বা ঘর-পোড়ানোর ছবি জুড়ে দেন । আর বি এন পি জামাতের যৌথ রাজত্বের উপাত্তটি সংগ্রহ করতে কোনই ঝামেলা নেই । মাসাধিক কালের মধ্যেই সচিত্র বাংলা-ইংরেজী প্রতিবেদন পত্রিকা থেকেই পেয়ে যাবেন ।

মুসলিম হ'লে রাজনৈতিক নিপীড়নের কাহিনী বানান । বি এন পির আমলে আওয়ামী লীগ আর আওয়ামী লীগ আমলে বি এন পির নেতা বনে যান । দেশে ফিরলেই প্রাণহানীর আশঙ্কা । যদি ও অনেকেই অন্যের প্রাণ হানী ঘটিয়েই কানাডাতে আশ্রয় নিয়েছেন । সে সব কুলাংগারদের অন্যতম কয়েকজন বঙবন্ধুহত্যাকারীও কানাডার নাগরিকত্ব পেয়ে গেছেন ।

বেচারি মিঃ মনটু ( ছদ্মনাম ) পরেছিলেন দারুন কেচালে । আওয়ামী লীগ আমলে কেইস ( ইমিগ্রেশনের আবেদন ) ঠুকেছেন - রায় হতে হতে বি এন পি আবার ক্ষমতায় । বিচারক বললেন -এবার দেশে ফিরে যাও । আবেদনকারী উকিলের সওয়াল জবাব - ধর্মান্তর , আমার মক্কেল এরই মধ্যে দল পরিবর্তন করেছেন । হ্যা, যে কেউ যে কোন সময়ে দল পরিবর্তন করতেই পারেন । দোলনা থেকে কবর পর্যন্ত সে অধিকার সবার আছে ।

অভিবাসনের কয়েক মাসের মধ্যেই দেখা এমনি এক সুখ্যাত নেতা বনাম ঠিকাদারের - যার যন্ত্রণায় মতিঝিল পাড়ায় অফিস করা দুস্কর হয়ে পরেছিল এক সময় । টেন্ডার ছিনতাই থেকে শুরু করে তদ্বির - মাস্তান পোষা - জঘন্য সব কাজের হোতা ছিলেন তিনি । টরেন্টোতে দেখা হতেই চোখ কপালে উঠল আমার । স্ত্রী-কে বলতেই আজীবন প্রকৌশলী বিদ্বেষী চিকিৎসাবিদ তার ক্যান্সার রোগীর মতো টিটকারীর খেরাপী দিলো আমাকে । তখনও জানি না , বিস্ময়ের পালা শুরুই হয় নি । স্তম্ভিত আমি এক দিন বাংলা কাগজ খুলে । চোখ আটকে গেল একটি সচিত্র বিজ্ঞাপনে । সেই টেন্ডারবাজ মাস্তান বাংলাদেশের অন্যতম একটি রাজনৈতিক দলের কানাডার একটি প্রদেশ কমিটির সভাপতি । (ক্রমশঃ)